

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিভাগ

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)



স্মারক নং- ১২.০৬.০০০০.২৭৪.২০.০১৫.২৪- ২৫৫৬

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩  
২৮ জুন ২০২৬


অফিস আদেশ

বীজ ও উদ্যান উইং-এর বিভাগসমূহের ব্যাংক হিসাব পরিচালনা বিষয়ক ১৭ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে ব্যাংক হিসাব পরিচালনায় অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করা হলো:

১. বীজ ও উদ্যান উইং এর সেবা বাবদ আয় ও মাঠ পর্যায়ের অফিসের এসএনডি হিসাব হতে সদর কার্যালয়ের এসএনডি হিসাবে জমাকৃত আয়/জমাকৃত অর্থ নিয়মিত ও স্বয়ংক্রিয়ভাবে বীজের কেন্দ্রীয় হিসাব 'বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন- বীজ' শিরোনামীয় এসএনডি হিসাব নং-১৬১২১০৩০০০১৮৫ তে স্থানান্তরিত হবে।
২. বীজ ও উদ্যান উইংয়ের আওতাধীন বিভাগ এবং মাঠ পর্যায়ের অফিসের চাহিদার ভিত্তিতে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেট বরাদ্দের বিপরীতে বীজের কেন্দ্রীয় হিসাব নং-১৬১২১০৩০০০১৮৫ হতে চেয়ারম্যান মহোদয় এবং অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি) এর যৌথ স্বাক্ষরে পত্রের মাধ্যমে বিভিন্ন বিভাগের এসএনডি হিসাবে তহবিল স্থানান্তরিত হবে।
৩. বীজ ও উদ্যান উইংয়ের বিভিন্ন বিভাগের এসএনডি হিসাব হতে পত্রের মাধ্যমে অর্থ স্থানান্তর ব্যতীত অন্য কোনো ইনস্ট্রুমেন্টে মাঠপর্যায়ের এসএনডি হিসাব এবং সদর দপ্তরের ডিসবার্সমেন্ট হিসাবে তহবিল প্রেরণ করা যাবে না। নির্ধারিত 'ছক' মোতাবেক শুধুমাত্র বিভাগীয় এসএনডি হিসাব হতে সদর দপ্তরের ডিসবার্সমেন্ট হিসাব এবং মাঠ পর্যায়ের এসএনডি হিসাবে পত্রের মাধ্যমে অর্থ স্থানান্তর করতে হবে।
৪. বিএডিসি সদর কার্যালয়ের এসএনডি হিসাব হতে ব্যাংক সিগনেটরির স্বাক্ষরে এডভাইসের মাধ্যমে [এডভাইসে ব্যাংক সিগনেটরির স্বাক্ষর ও উর্ধ্বতন কর্তৃপক্ষ সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) এর প্রতিস্বাক্ষর থাকবে] বিভাগীয় ডিসবার্সমেন্ট হিসাবসহ মাঠ পর্যায়ের অফিসের এসএনডি হিসাবসমূহে তহবিল স্থানান্তরিত হবে।
৫. বীজের কেন্দ্রীয় হিসাব নং-১৬১২১০৩০০০১৮৫ থেকে বীজ ও উদ্যান উইং এর বিভাগ/প্রকল্পের এস এন ডি হিসাবে স্থানান্তরিত তহবিল এবং উক্ত হিসাবসমূহ হতে বিভাগের ডিসবার্সমেন্ট হিসাব এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহের এসএনডি হিসাবে স্থানান্তরিত তহবিলের ত্রৈমাসিক প্রতিবেদন ব্যাংক স্টেটমেন্টসহ ব্যাংক সিগনেটরিকে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
৬. বীজ ও উদ্যান উইংয়ের বিভিন্ন বিভাগের অর্থের চাহিদা প্রেরণের ক্ষেত্রে বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত "ছক" অনুসরণ করতে হবে, যাতে অর্থের প্রবাহ, আয় ও ব্যয়ের হিসাব পরিচ্ছন্নভাবে বোধগম্য হয়।
৭. বীজ ও উদ্যান উইংয়ের বিভাগীয় প্রধান কর্তৃক তাদের সংশ্লিষ্ট এসএনডি হিসাব হতে কোনো অর্থ পত্র ব্যতীত চেক বা অন্য কোনো ইনস্ট্রুমেন্টে স্থানান্তর করতে পারবে না।
৮. সদর দপ্তরের বীজ ও উদ্যান উইংয়ের বিভিন্ন বিভাগের ডিসবার্সমেন্ট হিসাব হতে মাঠ পর্যায়ের এসএনডি হিসাবে কোনো অর্থ প্রেরণ করা যাবে না। সদর দপ্তরের বিভাগীয় পর্যায়ের এসএনডি হিসাব হতে পত্রের মাধ্যমে মাঠ পর্যায়ের এসএনডি হিসাব এবং সদর দপ্তরের ডিসবার্সমেন্ট হিসাবে অর্থ স্থানান্তর করতে হবে।
৯. সদর দপ্তর হতে মাঠ পর্যায়ের দপ্তর এবং মাঠ পর্যায়ের দপ্তর হতে সদর দপ্তরে অর্থ স্থানান্তর অবশ্যই এসএনডি হিসাবে পত্রের মাধ্যমে সম্পন্ন করতে হবে। বিভাগীয় প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন।

১০. প্রত্যেক বিভাগ/কর্মসূচি/কার্যক্রম প্রতি অর্থ বছরে ৩০ জুনের মধ্যে নিজস্ব আয়/ব্যয়ের বাজেট বরাদ্দের অব্যয়িত অর্থ বীজের কেন্দ্রীয় হিসাব 'বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন- বীজ' শিরোনামীয় এসএনডি হিসাব নং- ১৬১২১০৩০০০১৮৫ তে পত্রের মাধ্যমে স্থানান্তর নিশ্চিত করতে হবে।
১১. বীজ ও উদ্যান উইংয়ের প্রকল্পসমূহের মেয়াদান্তে জিওবি বাজেট বরাদ্দের অব্যয়িত অর্থ সরকারি নির্দেশনা মোতাবেক সরকারি কোষাগারে এবং নিজস্ব আয়ের সমুদয় অর্থ বীজের কেন্দ্রীয় হিসাব 'বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন- বীজ' শিরোনামীয় এসএনডি হিসাব নং-১৬১২১০৩০০০১৮৫ তে পত্রের মাধ্যমে স্থানান্তর নিশ্চিত করতে হবে।
১২. ব্যাংক হিসাব পরিচালনা সংক্রান্ত অন্য কোনো ভিন্নরূপ বিষয়ের আবির্ভাব হলে তা চেয়ারম্যান, বিএডিসি'র সভাপতিত্বে সভা করে তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মো: আজিজুল ইসলাম)  
(অতিরিক্ত সচিব)


চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা

ফোন: ০২-২২৩৩৮৪৩৫৮

ই-মেইল: chairman@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সদস্য পরিচালক (সকল), বিএডিসি, ঢাকা।
২. সচিব, বিএডিসি, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (সকল) / প্রধান (পরিকল্পনা/ মনিটরিং)/ প্রধান প্রকৌশলী (সকল) / হিসাব নিয়ন্ত্র/নিয়ন্ত্রক (অডিট) বিএডিসি, ঢাকা।
৪. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল), প্রকল্প পরিচালক (সকল) / যুগ্মপরিচালক (সকল) / বিভাগীয় প্রধান (সকল), বিএডিসি, ঢাকা।
৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, কৃষি ভবন শাখা, ঢাকা।
৬. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. অফিস কপি।

  
(মো: মজিবর রহমান)

(যুগ্মসচিব)

সদস্য পরিচালক (বীজ ও উদ্যান)

বিএডিসি, ঢাকা